১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬
website : www.vatdhakawest.gov.bd

# অফিস আদেশ

সূত্র: ০১। জাতীয় রাজস্ব বোর্ড এর অফিস আদেশ নং: ০৮.০১.০০০০.০৭৫.০১০.১৯ (অংশ-১)/৩৭৭; তারিখ: ০৬, নভেম্বর, ২০২৫ খ্রি:
০২। এ দপ্তরের আদেশ নং: ০৮.০১.২৬৪৮.১০২.১৩.০০১.১২ (অংশ-২)/৪৪৫৩; তারিখ: ০৯.০৯.২০২৫ খ্রি:

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর আওতাধীন বিভাগ ও সার্কেল দপ্তরের বিভিন্ন শাখায় অবৈধ বহিরাগত লোকজন দ্বারা কাজ না করানো জন্য সূত্রীয় ০২ নং আদেশের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়েছিল। ভ্যাট কমিশনারেটগুলোর মাঠ পর্যায়ের অফিসসমূহের দাপ্তরিক কাজের সাথে কিছু অনাকাঙ্খিত লোকজন জড়িত হয়ে পড়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রীয় ০১ নং আদেশের মাধ্যমে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। এর ফলে ভ্যাট অফিসের কর্মপরিবেশ যেমন একদিকে নষ্ট হচ্ছে, তেমনি অফিসের গোপনীয়তাও বিঘ্নিত হচ্ছে মর্মে আদেশে উল্লেখ করা হয়। সরকারি অফিসে এ ধরণের বহিরাগতদের উপস্থিতি দাপ্তরিক নিরাপত্তা ও শৃঙ্খলাকে ব্যহত করে। সর্বোপরি এ ধরণের বহিরাগত লোকজনের উপস্থিতির কারণে ভ্যাট বিভাগের স্পর্শকাতর তথ্য পাচার হওয়ার সম্ভাবনা থাকায় দপ্তরগুলো ঝুঁকির মধ্যে রয়েছে।

০২। এমতাবস্থায়, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর সার্বিক নিরাপত্তার স্বার্থে এবং সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য সকল শাখা ও কর্মকর্তাগণের দাপ্তরিক চেম্বার/কক্ষ এবং এ দপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগ/সার্কেলে যেন অনাকাঙ্খিত অবৈধ/বহিরাগত লোকজন কাজ করতে না পারে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে পুনরায় নির্দেশ দেয়া হলো। এ নির্দেশের লংঘন হলে উক্ত ডিভিশন/সার্কেল/শাখা সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে এবং অবৈধ/বহিরাগত ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারি আইনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

-স্বাঃ
(কাজী ফরিদ উদ্দীন)
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোন : ০২-৪১০০২৬৫৯
ই-মেইল: dhakawestcom@gmail.com

নথি নং-২-২(২৫৮)জনপ্রশাঃবিবিধ আদেশ/২০১৫/পার্ট-১/ ৮৪২২(১-১৭) তারিখ : ০৯.১১.২০২৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

০১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০২। যুগ্ম কমিশনার (সকল), সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০৩। দ্বিতীয় সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
০৪-০৭। উপ/সহকারী কমিশনার, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০৮-১৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মিরপুর/মোহাম্মদপুর/সাভার/ধামরাই/মানিকগঞ্জ/টাংগাইল/জামালপুর।
১৫। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৬। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৭। শাখা-সহকারী/ক্যাশিয়ার/ড্রাইভার/উপ-পরিদর্শক/সিপাই/অফিস-সহায়ক/নৈশ প্রহরী, সকল, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।

09.11.25
(অলোক কুমার হাজরা)
উপ কমিশনার